

প্রেস বিজ্ঞপ্তি

সচিবালয়ে জাতীয় শোক দিবস উপলক্ষে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচি


ঢাকা, ১৩/০৮/২০১৫

জাতীয় শোক দিবস উপলক্ষে আজ বাংলাদেশ সচিবালয় ক্লিনিক প্রাঙ্গণে স্বেচ্ছায় রক্তদান কর্মসূচির আয়োজন করা হয়। জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী এ কর্মসূচির উদ্বোধন করেন।

জনপ্রশাসন মন্ত্রণালয়ের উদ্যোগে প্রথমবারের মতো আয়োজিত এ কর্মসূচিতে সকল মন্ত্রণালয় ও বিভাগসহ বিভিন্ন সংস্থার ৯৬ জন কর্মকর্তা-কর্মচারি সকাল ১০টা থেকে বিকাল ৫ টা পর্যন্ত স্বেচ্ছায় রক্তদান করেন। কোয়ান্টাম ফাউন্ডেশনের সহযোগিতায় সংগৃহীত এ রক্ত থ্যালাসেমিয়া রোগীসহ অন্যান্য রোগীদের দেয়া হবে।

সিনিয়র সচিব ড. কামাল আবদুল নাসের চৌধুরী এ কর্মসূচির উদ্বোধন করে বলেন, ব্যক্তি মুজিব মরলেও তাঁর চেতনা মরেনি। বাঙালির সাহস, শক্তি ও আকাজক্ষার উৎস বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের আত্মত্যাগের মহিমার প্রতি সম্মান দেখিয়ে এ কর্মসূচির আয়োজন করা হয়েছে। এতে নবীন প্রজন্ম উদ্বুদ্ধ হবে এবং অনেক অসুস্থ মানুষ সুস্থ হওয়ার সুযোগ পাবেন।

এ রক্তদান কর্মসূচির উদ্বোধনী অনুষ্ঠানে বিভিন্ন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব, সচিব, অতিরিক্ত সচিবসহ বিভিন্ন স্তরের কর্মকর্তা-কর্মচারিগণ উপস্থিত ছিলেন।



মোঃ তৌহিদুল ইসলাম

সিনিয়র তথ্য অফিসার

জনপ্রশাসন মন্ত্রণালয়

মোবা: ০১৭১৮-৫৪৩৬২৫